

বাংলাদেশের আকাশসীমায় ড্রোন/আনম্যানড্ এরিয়াল ভেহিক্যাল সিস্টেম (UAV/UAS),  
রিমোট কন্ট্রোল বিমান ইত্যাদি পরিচালনা প্রসঙ্গে বিজ্ঞপ্তি।

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি কিছু উৎসাহী ব্যক্তি ও প্রতিষ্ঠান বিনা অনুমতিতে বাংলাদেশের আকাশসীমায় ড্রোন, আনম্যানড্ এরিয়াল ভেহিক্যাল সিস্টেম (UAV/UAS), রিমোট কন্ট্রোল বিমান/খেলনা বিমান ইত্যাদি উড্ডয়ন করছেন। এসকল অননুমোদিত উড্ডয়নের ফলে নিয়মিত উড্ডয়নকারী বিভিন্ন অনুমোদিত যাত্রীবাহী দেশী-বিদেশী বিমান, হেলিকপ্টার এবং দ্রুতগতি সম্পন্ন সামরিক বিমানের সাথে আকস্মিক দুর্ঘটনা ঘটতে পারে।

এমতাবস্থায়, জনগণের জানমাল ও রাষ্ট্রীয় নিরাপত্তার স্বার্থে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাকে ড্রোন, আনম্যানড্ এরিয়াল ভেহিক্যাল সিস্টেম (UAV/UAS), রিমোট কন্ট্রোল বিমান/খেলনা বিমান ইত্যাদির উড্ডয়নের পূর্বে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বাংলাদেশ হতে নির্ধারিত ফরমে লিখিত পূর্বানুমতি গ্রহণ করতে হবে। উল্লেখ্য বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষই যে কোন ধরনের বেসামরিক উড্ডয়নের একমাত্র নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ।

আদেশক্রমে--

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বাংলাদেশ।

Notice Regarding Operation of Drone/ Unmanned Aerial Vehicle System  
(UAV/UAS)/ Remote Controlled Planes etc in Bangladesh Airspace

This is hereby informed that recently some enthusiastic persons and organizations are flying Drones, Unmanned Aerial Vehicle Systems (UAV/UAS), Remote Controlled Planes/ Toy planes etc in the Bangladesh airspace without any prior permission. These types of unauthorized flying activities pose a serious risk of anytime causing midair collision or similar devastating air accidents with other authorized civil passenger planes regularly operated by several domestic and international airlines, helicopters and high speed military jet planes.

Under the circumstances, for the safety and security of life and property of the people and for the national security, henceforth any person, company or organization intending to operate any flying object like Drone, UAV/UAS or remote controlled planes/ toy planes etc. is to obtain prior written permission from the Civil Aviation Authority, Bangladesh (CAAB) in prescribed form. It may be mentioned that Civil Aviation Authority is the sole authority regulating all civil flying activities in Bangladesh Airspace.

By Order --

Civil Aviation Authority, Bangladesh